গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী।

তারিখ ঃ ২০ মে ২০১৮ খ্রি .

# ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ,২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত,২০১৬-২০১৭,২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স -১ম বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি ) যাবতীয় কার্যক্রম Online- এ ২০ মে ২০১৮ তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত ,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে MICR পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

| ক্রমিক নং | বিষয় | ফরম পূরণ ও জমাদানের তারিখ |
|---|---|---|
| ১ | বাংলা, ইংরেজি, ইতিহাস,ইসলামের ইতিহাস, দর্শন | ২৯/০৫/২০১৮ খ্রি. |
| ২ | অর্থনীতি , রাষ্ট্রবিজ্ঞান , সমাজকর্ম | |
| ৩ | হিসাববিজ্ঞান,ব্যবস্থাপনা | ৩০/০৫/২০১৮ খ্রি. |
| ৪ | পদার্থ,রাসয়ন,উদ্ভিদ,প্রাণি,গণিত | ৩১/০৫/২০১৮ খ্রি. |

**বিষয়ভিত্তিক পরীক্ষার ফি**

| বিষয় | নিয়মিত/ অনিয়মিত | গ্রেডউন্নয়ন ১ বিষয় | গ্রেডউন্নয়ন ২ বিষয় | গ্রেডউন্নয়ন ৩ বিষয় | গ্রেডউন্নয়ন ৪ বিষয় | গ্রেডউন্নয়ন ৫ বিষয় | গ্রেডউন্নয়ন ৬ বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসঃইতিহাস, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান , সমাজকর্ম, হিসাববিজ্ঞান , ব্যবস্থাপনা | ১৮০০/- | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | |
| পদার্থবিদ্যা | ২৩২০/- | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | |
| রসায়ন | ২৫২০/- | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | |
| প্রাণীবিদ্যা | ২৩২০/- | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | |
| উদ্ভিদবিদ্যা | ২৫২০/- | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | |
| গণিত | ২৫২০/- | ১০০০/- | ১২০০/- | ১৪০০/- | ১৬০০/- | ১৮০০/- | ২০০০/- | |

**নিয়মিত ,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি জমা দান পদ্ধতি ফেনী পৌর এলাকার যে কোন** সোনলী ব্যাংক থেকে **অধ্যক্ষ ,ফেনী সরকারী কলেজ** এর নামে MICR পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :- এখানে উল্লেখ্য যে , পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা **অধ্যক্ষ ,ফেনী সরকারি কলেজ** এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

চলমান পাতা-২

বিঃ দ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই।

০১. আবেদন ফরম সংগ্রহ ঃ

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৮ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

যে সকল শিক্ষার্থী ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০১৭ সালের অনার্স ১ম বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০১৮ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৭ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

যে সকল শিক্ষার্থী ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০১৮ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

০৩. পাঠ্যসূচি ঃ

সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**পরীক্ষার্থীদের জন্য করণীয় :-**

আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা লাগিয়ে এবং ০১ ( এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**বিভাগীয় প্রধানগণ ঃ**

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড,রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাইপূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর আবশ্যক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটারে ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজিঃনং, বিষয় কোড যাচাই বাছাই করে কাম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন । পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলক্রটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই ( বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরণী কলেজ অফিসে জমা দিতে হবে।

অধ্যক্ষ ২৭/৫/১৮

ফেনী সরকারী কলেজ,ফেনী।

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।
২৭/০৫/১৮